

## নির্বাচনে ‘হামলা-মামলা’ : তথ্য সংগ্রহে বিএনপির ৩ কমিটি মাঠে

সদ্য সমাপ্ত একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে সারাদেশে খানের শীষের নেতা-কর্মী-সমর্থকদের ওপর ‘হামলা-মামলা-লুটপাটের’ তথ্য সংগ্রহ করতে আলাদা ৩টি কমিটি গঠন করেছে বিএনপি। প্রত্যেক কমিটি পৃথক বিষয় নিয়ে মাঠে কার্যক্রম পরিচালনা করছে।

নির্বাচনকে কেন্দ্র করে সারা দেশে মামলা-হামলার সংখ্যা ও গ্রেফতারের তালিকা সংগ্রহে দলটির যুগ্ম মহাসচিব সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলালকে আহ্বায়ক করে একটি কমিটি করা হয়েছে। এ কমিটি ৬ সদস্য কাজ করবে। একই সঙ্গে আইনগত সুবিধার বিষয়টি দেখবে কমিটি।

নির্বাচনকে কেন্দ্র করে সহিংসতা, আহত-নিহতের সংখ্যা, বাড়িঘর ভাঙচুর ও আগুন, দলের কার্যালয় ভাঙচুরের তথ্য সংগ্রহে দলটির প্রচার সম্পাদক শহীদ উদ্দিন চৌধুরী এ্যানীকে আহ্বায়ক করে আরেকটি কমিটি করা হয়েছে। এই কমিটিতেও রয়েছে ৬ জন সদস্য।

এ ছাড়া নির্বাচনে নারী প্রার্থী ও নেতাকর্মী-সমর্থকদের ওপর হামলা-মামলার তথ্য সংগ্রহসহ আরও বিভিন্ন বিষয় নিয়ে কাজ করতে স্বনির্ভরবিষয়ক সম্পাদক শিরীন সুলতানাকে আহ্বায়ক করে একটি কমিটি করেছে।

শুক্রেবার (১১ জানুয়ারি) সন্ধ্যায় বিষয়টি নিয়ে শহীদ উদ্দিন চৌধুরী এ্যানী জানান, প্রত্যেক কমিটি আলাদা বিষয় নিয়ে কাজ করছে। আমাকেও একটি কমিটির আহ্বায়কের দায়িত্ব দেওয়া হয়েছে।

গত ৩০ ডিসেম্বর (রবিবার) অনুষ্ঠিত একাদশ সংসদ নির্বাচনে খানের শীষ প্রতীকে ২৮১ জন সংসদ সদস্য পদপ্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতায় অংশগ্রহণ করেছিলেন। বিএনপি ছাড়াও এর মধ্যে ২০ দলীয় জোট ও জাতীয় ঐক্যফ্রন্টের শরিক দলের প্রার্থীও ছিলেন।

গত বুধবার (৯ জানুয়ারি) ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে জয়সহ খানের শীষ প্রতীক নিয়ে ৮ জন প্রার্থী নির্বাচনে জয়লাভ করেন। যদিও বিজয়ীরা শপথগ্রহণ না করার সিদ্ধান্ত নিয়েছেন।